

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৭৯

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - জাহান্নাম ও জাহান্নামীদের বর্ণনা

الفصل التَّنِف (باب صفة النار وَأَهْلهَا)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ﴿إِنَّ الْحَمِيمَ لَيُصَبُّ عَلَى رؤوسهم فَينفذ الْحَمِيم حَتَّى يَمْرُقَ مِنْ قَدَمَيْهِ وَهُوَ فَينفذ الْحَمِيم حَتَّى يَمْرُقَ مِنْ قَدَمَيْهِ وَهُوَ الصَّهُرُ ثُمَّ يُعَادُ كَمَا كَانَ» . رَوَاهُ التِّرْمِذِي

حسن ، رواه الترمذى (2582 وقال: حسن غريب صحيح) * رواية شعبة عن الاعمش محمولة على السماع ، انظر " مسالة التسمية " لمحمد بن طاهر المقدسى (ص 47) و للحديث علة غير قادحة عند ابن ابى شيبة (13 / 161 ح 15991) و احمد (1 / 338 ح 3138) وغيرهما

বাংলা

৫৬৭৯-[১৫] আবূ হুরায়রাহ্ (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: জাহান্নামীদের মাথার উপর তপ্ত গরম পানি ঢালা হবে এবং তা তার পেটের মধ্যে প্রবেশ করবে, ফলে পেটের মধ্যে যা কিছু আছে, সমস্ত কিছু বিগলিত হয়ে পায়ের দিক দিয়ে নির্গত হবে। কুরআনে বর্ণিত (الصِبِّهُ) (বিগলিত) করা হবে দ্বারা এটাই বুঝানো হয়েছে। আবার সে আগের অবস্থায় ফিরে আসবে (পুনরায় তা ঢালা হবে)। (তিরমিযী)

ফুটনোট

সহীহ: আলবানী (রহিমাহুল্লাহ) প্রথমে হাদীসটিকে য'ঈফ বলেছিলেন, তিরমিয়ী ২৫৮২, য'ঈফুল জামি ১৭৪৩৩; অতঃপর তিনি (৫৬৭৯ নং-এ) সহীহ বলেছেন, সিলসিলাতুস সহীহাহ ৩৪৭০, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ৩৬৭৯, হিদায়াতুর রুওয়াত ৫৬০৭, দেখুন- তারাজুআতুল আলবানী ৭১ নং।



ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে ঐ আয়াতের প্রতি ইশারা করা হয়েছে, (এছিন্ট্রিটা ঠ ছিন্ট্রিটা ঠ ছিন্ট্রিটা ঠ ছিন্ট্রিটা আর্থাৎ যার দ্বারা তাদের পেটের অভ্যন্তরে যা কিছু রয়েছে এবং তাদের চামড়াসমূহ বিগলিত করা হবে। (সূরাহ্ আল হাজ্জ ২২ : ২০)।

(شُمَّ يُعَادُكُماكَانَ) এটা দ্বারা ঐ আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে, وشُمَّ يُعَادُكُماكَانَ) এটা দ্বারা ঐ আয়াতের প্রতি ইঙ্গিত করা হয়েছে, وشُمَّ يُعَادُكُماكَانَ) (كُلُّمَا نَضِجَت جُلُوا دُهُمُ "যখনই তাদের চামড়াগুলো পুড়ে যাবে তখনই আমি তাদের চামড়াগুলো পাল্টিয়ে দিব যাতে তারা আবার আস্বাদন করতে পারে"- (সূরা আন্ নিসা ৪ : ৫৬)। (মিরক্কাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়াযী হা. ২৫৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন